ASIAN AMERICANS ADVANCING JUSTICE ATLANTA

কোভিড-19 জর্জিয়া ভোটার গাইড:
ডাকযোগে ভোট দেওয়ার সাধারণ তথ্য, FYIs ও FAQs।

কোভিড-19 ঝুঁকির কারণে জর্জিয়া স্টেটের প্রেসিডেনশিয়াল প্রেফারেন্স প্রাইমারি নির্বাচন জুন 9th, 2020 পর্যন্ত পিছিয়ে দেওয়া হয়েছে। এই নজিরবিহীন মহামারী আমেরিকার নানা রাজ্যে দ্রুত ছড়িয়ে পড়েছে যার কারণে নির্বাচন কর্মকর্তাদেরকে ভোট দেওয়ার পদ্ধতিতে পরিবর্তন আনতে হচ্ছে। আমাদের নির্বাচন ঠিকই অনুষ্ঠিত হবে তবে এখনও অনেক কিছুই স্পষ্ট নয়। নিরাপদে ভোট দেওয়ার একটি উপায় হচ্ছে ডাকযোগে ভোট দেওয়া।

I. <u>মার্চ 14, 2020 তারিখে জর্জিয়ার প্রাইমারি নির্বাচন মার্চ 24 থেকে জুন 9 তারিখে পিছিয়ে দেওয়া হয়</u>
   a. প্রাথমিকভাবে জর্জিয়াতে দুইটি প্রাইমারি নির্বাচন হওয়ার কথা রয়েছে – মার্চ 24-এর প্রেসিডেনশিয়াল প্রেফারেন্স এবং মে 19-এর জেনারেল প্রাইমারি। তবে, কোভিড-19 জনিত অসুস্থার ঝুঁকির মধ্যে সেক্রেটারি অফ স্টেট দুইটি প্রাইমারি নির্বাচনই পিছিয়ে দিয়েছেন। দুইটি নির্বাচন এখন জুন মাসের 9 তারিখে অনুষ্ঠিত হবে।
   b. <u>কেন দুটি নির্বাচন প্রয়োজন?</u>
      i. **মার্চ 24.** পূর্ব নির্ধারিত মার্চ 24-এর নির্বাচন ছিলো জর্জিয়া প্রেসিডেনশিয়াল প্রেফারেন্স প্রাইমারি(“PPP”) নির্বাচন। PPP নির্বাচনের মাধ্যমে নভেম্বরে সাধারণ নির্বাচনে প্রতিটি দলের প্রেসিডেন্ট পদপ্রার্থী নির্ধারিত করা হবে। মার্চ মাসের 24 তারিখে অন্যান্য নির্বাচনও হওয়ার কথা ছিলো যার মধ্যে রয়েছে লোকাল শেরিফ রেস এবং স্পেশাল-পারপাস লোকাল-অপশন সেলস ট্যাক্সেস(SPLOSTs)।
      ii. **মে 19.** পরিবর্তন হওয়ার আগ পর্যন্ত মে 19-এ পরিচালিত প্রাইমারি নির্বাচনের মাধ্যমে নভেম্বরে সাধারণ নির্বাচনের জন্য একাধিক লোকাল, স্টেট ও ফেডারেল রেসের জন্য প্রার্থী নির্ধারণ করা এবং কিছু স্থানে লোকাল নির্দলীয় সাধারণ নির্বাচনও হওয়ার কথা ছিলো।
      iii. **জুন 9.** বর্তমান পরিস্থিতিতে স্বাস্থ্য ঝুঁকির কারণে দুইটি প্রাইমারি নির্বাচনের জন্য পরিবর্তিত দিন ঠিক করা হয়েছে জুন মাসের 9 তারিখে।

II. <u>যেসব ভোটার মার্চ মাসে আগেই ভোট দিয়েছেন, তারাও জুন মাসের 9 তারিখের নির্বাচনে ভোট দিতে পারবেন</u>
   a. মার্চ 24-এর প্রাইমারিতে যারা আগে ভোট দিয়েছেন (ডাকযোগে বা সশরীরে) তাদের ভোট ঐ নির্বাচনের জন্য গণনা করা হয়েছে। তারা জুন মাসের 9 তারিখের প্রাইমারিতেও ভোট দিতে পারবেন। মার্চ 24-এর নির্বাচনে অন্তর্ভুক্ত ছিলো না এমন সাধারণ প্রাইমারি নির্বাচনের রেসগুলোতে তারা ভোট দিতে পারবেন। ভোটাররা আগেই ভোট দিয়েছেন এমন নির্বাচনে পুনরায় ভোট দিতে পারবেন না।
   b. <u>যদি আমি আগে ভোট না দিয়ে থাকি, তাহলে আমি কি মার্চ 24-এর নির্বাচনের প্রার্থীদের ভোট দিতে পারবো?</u>
      i. **হ্যাঁ।** যেসব ভোটার মার্চে ভোট দেননি, তারা একটি কাগজের ব্যালট পাবেন যেখানে PPP ও সাধারণ প্রাইমারি নির্বাচনের প্রার্থীদের অপশন দেওয়া থাকবে।

III. <u>জর্জিয়াতে কোভিড-19 এর সংক্রমণ এড়াতে ভোটাররা ডাকযোগে ভোট করতে পারেন।</u>
   a. অনুপস্থিতি জনিত ভোটিং বা ডাকযোগে ভোট দেওয়া মানে হলো মানুষেরা তাদের আনুষ্ঠানিক ভোট ডাকযোগে দিতে পারবে। এর জন্য আপনাকে একটি কাগজের ব্যালট পেপারের জন্য আবেদন জানাতে হবে। যেসব জর্জিয়ার বাসিন্দা ডাকযোগের মাধ্যমে ভোট দিতে চান, তারা কাগজের ব্যালট ফর্ম পূরণ করে তা ডাকযোগে পাঠিয়ে দিতে পারেন বা তাদের কাউন্টির নির্বাচন অফিসে গিয়ে দিয়ে আসতে পারেন।
   b. <u>ডাকযোগে কীভাবে ভোট দেওয়া যাবে?</u>
      1. **কাগজের ব্যালটের জন্য আবেদন করুন ও তা গ্রহণ করুন।** ডাকযোগে ভোট দেওয়া প্রথম ধাপ হলো অনুপস্থিতির কারণে কাগজের ব্যালট জন্য আবেদন করা। আবেদন সম্পন্ন করে তা কাউন্টি রেজিস্ট্রারের কাছে পাঠানোর পর আবেদনটি প্রসেস করা হবে। যদি কাগজের ব্যালটের জন্য আবেদনে কোনো সমস্যা না থাকে, তাহলে ভোটারের কাছে একটি আনুষ্ঠানিক কাগজের ব্যালট ডাকযোগে পাঠিয়ে দেওয়া হবে।

2. কাগজের ব্যালটের জন্য কীভাবে "আবেদন" করতে হবে? অনুপস্থিতির কারণে কাগজের ব্যালটের আবেদন লোকাল কাউন্টি বোর্ড অফ ইলেকশন্স অফিসে ডাকযোগে, ফ্যাক্স বা ইমেইলের মাধ্যমে পাঠানো যাবে। তবে, পূরণকৃত কাগজের ব্যালটটি অবশ্যই ডাকযোগে বা সশরীরে ফেরত পাঠাতে হবে। জর্জিয়াতে অনুপস্থিতি জনিত ভোটিং সম্পর্কে আরও তথ্য পাওয়া যাবে এখানে।
3. কাগজের ব্যালটের জন্য আবেদন কীভাবে "পাওয়া" যাবে? কাউন্টি কর্মকর্তারা ডাকযোগে কাগজের ব্যালটের জন্য আবেদন পাঠাবে। সাম্প্রতিক সময়ে জর্জিয়া সেক্রেটারি অফ স্টেট অফিস থেকে ডাকযোগে সকল যোগ্য ভোটারদের কাছে কাগজের ব্যালটের জন্য আবেদন পাঠানো হয়েছে – যাতে যোগ্য ভোটারদেরকে নিজে থেকে কোনো আবেদন জানাতে না হয়।

ii. **আপনার আনুষ্ঠানিক কাগজের ব্যালট আসা পর্যন্ত অপেক্ষা করুন এবং তা ফেরত পাঠিয়ে দিন।**
আনুষ্ঠানিক কাগজের ব্যালট দিয়ে ভোট দেওয়া হয়। কাগজের ব্যালটে আসন্ন নির্বাচনের সকল প্রার্থীদের তালিকা থাকবে। ভোটাররা কাগজের ব্যালটে থাকা তাদের পছন্দের প্রার্থীদের নির্বাচন করে পূরণকৃত ব্যালটটি কাউন্টির অফিসে ফেরত পাঠিয়ে দেবেন। নির্বাচনের ভোট গণনায় অন্তর্ভুক্ত হতে চাইলে নির্বাচনের দিন সন্ধ্যা 7টার মধ্যে ব্যালটটি ফেরত পাঠাতে হবে।

c. মে 19- এর জন্য করা অনুপস্থিতির কারণে কাগজের ব্যালটের আবেদন জুন 9-এ কাজে লাগানো যাবে কী?
   i. মার্চের শেষের দিকে, লোকাল কাউন্টি থেকে সকল যোগ্য ভোটারদেরকে অনুপস্থিতির কারণে কাগজের ব্যালটের আবেদন ফর্ম পাঠানো হয়েছে যেই ফর্মগুলো ছিলো মে 19-এর নির্বাচনের জন্য। তবে, এপ্রিল 9-এ নির্বাচনটি পিছিয়ে দিয়ে জুন ৯-এ নেওয়া হয়। সেক্রেটারি অফ স্টেট অফিস নিশ্চিত করেছে যে ফর্মে আগের তারিখ উল্লেখ করা থাকলেও মে 19-এর জন্য ডাকযোগে পাঠানো আবেদন জুন 9-এর নির্বাচনের জন্য ব্যবহার করা যাবে।

d. অনুপস্থিতির কারণে ব্যালট আবেদন অনলাইনে ট্র্যাক করা যাবে কী?
   i. **হ্যাঁ।** অনুপস্থিতির কারণে ব্যালট আবেদন করা এবং তা ডাকযোগে পাঠিয়ে দেওয়ার পর ভোটাররা তাদের ব্যালট ট্র্যাক করতে পারবেন এখানে থাকা "মাই পেজ" থেকে। ভোটাররা তাদের লোকাল বোর্ড অফ ইলেকশন্স অফিসে ফোন করে নিশ্চিত করতে পারেন যে তারা কাগজের ব্যালট পেয়েছেন। ব্যালট আবেদনের সংখ্যা বৃদ্ধি পাওয়ার কারণে বোর্ডগুলো যেকোনো প্রশ্নের উত্তর দিতে বিলম্ব করতে পারে।

e. গ্রহণ করার সময় যদি ব্যালটে কোনো ভুল থেকে থাকে?
   i. **তৎক্ষণাৎ তা রিপোর্ট করুন।** অনুপস্থিতির কারণে পাওয়া কাগজের ব্যালটে যদি কোনো ভুল থাকে, তাহলে তা দ্রুত লোকাল কাউন্টি বোর্ড অফ ইলেকশন্স অফিসে রিপোর্ট করতে হবে। আপনার বোর্ড বা রেজিস্ট্রারের সাথে যোগাযোগ করার তথ্য পাওয়া যাবে এখানে।

f. যদি আমার ব্যালটে আমি কোনো ভুল করে থাকি এবং তা ডাকযোগে ফেরত পাঠিয়ে দিই?
   i. **ডাকযোগে বা সশরীরে ফেরত পাঠানোর পর আপনি আপনার ভোট পরিবর্তন করতে পারবেন না।**
   ii. ব্যালট ফেরত পাঠানোর পর ভোটাররা তাদের ভোট পরিবর্তন করতে পারবেন না, এমনকি যদি তাতে ভুল করে কোনো জায়গা খালি রেখে দেওয়া হয়, তবুও না। যেসব ভোটাররা বুঝতে পারবেন যে তারা তাদের ব্যালটের কোনো অংশ খালি রেখে দিয়েছেন বা তাদের পছন্দ পরিবর্তন করতে চান, তারা তাদের ব্যালট বোর্ড অফ ইলেকশন্সে ফেরত পাঠানোর পর তাতে কোনো ধরনের পরিবর্তন করতে পারবেন না।
   iii. **ব্যালট ফেরত পাঠানোর পরও কয়েকটি ভুল সংশোধন করা যাবে। যদি বোর্ড অফ ইলেকশন কোনো ব্যালটে এমন কোনো ভুল দেখতে পান যাতে ঐ ভোটটির গণনা বাতিল হতে পারে – যেমন স্বাক্ষরের মত দরকারি তথ্য বাদ পড়ে যাওয়া – তখন বোর্ড সেই ভোটারের সাথে ফোনে এবং/বা ডাকযোগে যোগাযোগ করে ভুলটি সংশোধন করে নেওয়ার সুযোগ দেবে।**

g. ব্যালটে কী পার্টি নির্বাচন করা যাবে?

ASIAN AMERICANS ADVANCING JUSTICE ATLANTA

i. **হ্যাঁ।** প্রতিটি ব্যালটে পার্টি প্রেফারেন্স উল্লিখিত থাকবে কারণ জুন 9-এর নির্বাচনে প্রেসিডেনশিয়াল প্রেফারেন্স প্রাইমারির প্রার্থীরাও অন্তর্ভুক্ত থাকবে।

IV. **ডাকযোগে ভোটা দেওয়ার জন্য আপনার একটি আই ডি লাগবে।**

a. ডাকযোগে শুধু রেজিস্টার্ড ভোটাররা ভোট দিতে পারবেন।যদি আপনি ভোট দেওয়ার জন্য রেজিস্টার করে থাকেন কিন্তু রেজিস্ট্রেশন আইডেন্টিফিকেশনের জন্য প্রয়োজনীয় যেকোনো একটি ফর্মের কপি না দিয়ে থাকেন, তাহলে আপনার ব্যালট প্যাকেজের সাথে আইডি জমা দেওয়ার একটি নোটিশ দেওয়া হবে। গ্রহণযোগ্য আই ডি'র কপি অবশ্যই বাইরে দেওয়া খামে আপনার ব্যালটের সাথে দিতে হবে। মনে রাখবেন, নির্বাচন শেষে কোনো ব্যালট ফেরত পাঠালে তা গণনা করা হবে না।

V. **অনুপস্থিতির কারণে সকল কাগজের ব্যালটের জন্য আবেদন জানানোর শেষ তারিখ জুন 5।**

a. জুন 5-এর মধ্যে অনুপস্থিতির কারণে সকল কাগজের ব্যালটের আবেদন জানাতে হবে। তবে কোভিড-19-এর জন্য আবেদনের সংখ্যা প্রত্যাশিতভাবে বৃদ্ধি পাওয়া এবং U.S. ডাক সেবার ধীরগতির ফলে ভোটাররা যেন দ্রুত অনুপস্থিতির কারণে তাদের কাগজের ব্যালটের আবেদন পূরণ করে পাঠায় এবং তাদের ব্যালটও যথাসময়ে ফেরত পাঠায় – সেই ব্যাপারে ক্রমাগত পরামর্শ দেওয়া হচ্ছে।

VI. **জুন 9-এ একটি প্রাইমারি নির্বাচন অনুষ্ঠিত হবে যেখানে পূর্ব নির্ধারিত মার্চ 24 ও মে 19-এর নির্বাচনের প্রার্থীরা অন্তর্ভুক্ত থাকবে।**

a. রিক্যাপ ও FAQ:

i. **অনুপস্থিতির কারণে/ডাকযোগে ভোট দেওয়ার কাগজের ব্যালট কীভাবে পাওয়া যাবে?** জর্জিয়া সেক্রেটারি অফ স্টেটের মতে সকল যোগ্য ভোটাররা ডাকযোগে কাগজের ব্যালটের আবেদন পেয়ে যাবেন। সেক্রেটারি অফ স্টেট অফিসের এসব আবেদন মার্চ **31**-এর মধ্যে পাঠিয়ে দেওয়ার কথা ছিলো। যেকোনো রেজিস্টার্ড ভোটার আবেদন পূরণ করে তা পাঠিয়ে দিতে পারেন যাতে পরবর্তীকালে তাদেরকে কাগজের ব্যালট ডাকযোগে পাঠিয়ে দেওয়া যায়। এখানে থাকা "মাই পেজ" এ লগইন করেও অনুপস্থিতির কারণে কাগজের ব্যালটের জন্য আবেদন করা যাবে।

ii. **অনুপস্থিতির কারণে কাগজের ব্যালট/ডাকযোগে ভোট দেওয়ার জন্য কীভাবে আবেদন করতে হবে?** অনুপস্থিতির কারণে কাগজের ব্যালটের আবেদন লোকাল কাউন্টি বোর্ড অফ ইলেকশন্স অফিসে ডাকযোগে, ফ্যাক্স বা ইমেইলের মাধ্যমে পাঠানো যাবে। তবে, পূরণকৃত কাগজের ব্যালটটি অবশ্যই ডাকযোগে বা সশরীরে ফেরত পাঠাতে হবে। জর্জিয়াতে অনুপস্থিতি জনিত ভোটিং সম্পর্কে আরও তথ্য পাওয়া যাবে এখানে.

iii. **যদি আমি যোগ্য ভোটার না হয়ে থাকি, তাহলেও কী আমি অটোমেটিকলি ব্যালট আবেদন পাবো?**

iv. সেক্রেটারি অফ স্টেট অফিস শুধু যোগ্য ভোটারদেরকেই অনুপস্থিতির কারণে কাগজের ব্যালটের জন্য আবেদন ফর্ম পাঠাবে। ভোটার হিসেবে কেউ যোগ্য কিনা তা নিয়ে অনিশ্চয়তা থাকলে এখানে (here) মিলিয়ে/পরীক্ষা করে দেখতে পারেন। রেজিস্টার্ড ভোটাররা এখানে থাকা "মাই পেজ" এ লগ ইন করে ব্যালটের আবেদন জানাতে পারবেন। সেক্রেটারি অফ স্টেট ব্যালট আবেদন না পাঠালেও যেকোনো রেজিস্টার্ড ভোটার এখানে থাকা "মাই পেজ" এ লগইন করে ব্যালটের আবেদন জানাতে পারবেন।

v. **যদি আমি ডাকযোগে অনুপস্থিতির কারণে আমার ব্যালটের আবেদন না পেয়ে থাকি?** যদি আপনি ডাকযোগে আপনার অনুপস্থিতির কারণে ব্যালটের আবেদন না পেয়ে থাকেন, তাহলে আপনি এখানে থাকা "মাই পেজ" এ লগইন করে ব্যালটের আবেদন জানাতে পারবেন বা নিজে থেকে আবেদন পূরণ করে তা ডাকযোগে পাঠাতে পারেন। যে আবেদন পাঠাতে হবে তার কপি পাওয়া যাবে এখানে।

vi. **ডাকযোগে ভোট দেওয়া কী নিরাপদ?** সশরীরে ভোট দেওয়ার একটি নিরাপদ বিকল্প হলো ডাকযোগে ভোট দেওয়া। আপনার ব্যালটে দেওয়া নির্দেশনা মেনে চলুন, প্রদত্ত খামের ভেতরে আপনার ব্যক্তিগত তথ্য সিল করে দিন এবং খামটি যেকোনো নির্ধারিত USPS ডাকবাক্সে রেখে আসুন বা আপনার লোকাল কাউন্টি রেজিস্ট্রারের কাছে দিয়ে আসুন। আপনার ব্যালটের তথ্য

ASIAN AMERICANS ADVANCING JUSTICE ATLANTA

আপনার ভোট হিসেবে ব্যবহৃত হবে। মনে রাখবেন নির্ধারিত USPS ডাকবাক্স ছাড়া অন্য কোথাও দিলে সেটা হারিয়ে যাওয়ার সম্ভাবনা থাকে। আপনার ব্যালট নিরাপদ রাখার সবচেয়ে ভালো উপায় হলো খামে দেওয়া নির্দেশনা মেনে চলা ও যেকোনো নির্ধারিত USPS ডাকবাক্সের মাধ্যমে ডাকযোগে ফেরত পাঠানো, অথবা সশরীরে তা আপনার কাউন্টি রেজিস্ট্রারের কাছে দিয়ে আসা।

vii. **আমার আবেদন ও ব্যালট ফেরত পাঠানোর সময় আমাকে কী পোস্টেজ খরচ দিতে হবে?** হ্যাঁ। বর্তমানে একজন ভোটারকে তাদের আবেদন বা পূরণকৃত ব্যালট ফেরত পাঠানোর সময় (ডাকযোগে পাঠানো হলে) পোস্টেজ খরচ দিতে হবে। কিছু লোকাল বোর্ড অফ ইলেকশন্স হয়ত প্রি-পেইড খাম প্রদান করতে পারে তবে এই পরিষেবা সব লোকেশনের জন্য নাও হতে পারে। বেশ কিছু সংস্থা ডাকযোগে ভোট দেওয়া সহজ করতে এই প্রক্রিয়ায় পরিবর্তনের লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

আমি কী আগে থেকেই ভোট দিতে পারবো? হ্যাঁ। আগে এসে সশরীরে ভোট দেওয়ার ব্যবস্থা চালু থাকবে, তবে পূর্ববর্তী নির্বাচনের তুলনায় লোকেশনের সংখ্যা সীমিত হতে পারে। মে 18 থেকে আগে এসে ভোট দেওয়ার কার্যক্রম শুরু হবে। সশরীরে ভোট দেওয়া আগে, এখানে থাকা “মাই পেজ” এ লগইন করে আপনার ভোটকেন্দ্র সম্পর্কে নিশ্চিত হয়ে নিন। অনুপস্থিতির কারণে কাগজের ব্যালট জুন 9-এর সময়সীমার আগেই ফেরত পাঠানো যাবে তবে নির্বাচনের দিনের পরে ফেরত পাঠানো হলে তা জুন 9-এর নির্বাচনের জন্য গণনা করা হবে না।

viii. **যদি আমার কোনো ডিজ্যাবিলিটি থাকে যার ফলে অনুপস্থিতির কারণে কাগজের ব্যালট পূরণ করা বা ফেরত পাঠানো আমার জন্য কঠিন বা অসম্ভব হয়ে যায়?** যদি আপনি স্বচ্ছন্দ হয়ে থাকেন ও আপনার দ্বারা যদি সম্ভব হয়, তাহলে আপনার ব্যালট আবেদন ও ব্যালট পূরণে আপনি কাউকে সাহায্য করার জন্য বলতে পারেন। যদি তেমনটা না হয়ে থাকে, তাহলে আপনি মে 19-এ সশরীরে এসে ভোট দিতে পারবেন।

ix. **আমি কী সশরীরে ভোট দিতে পারবো? হ্যাঁ। নির্বাচনের দিন এবং আগে এসে ভোট দেওয়ার কার্যক্রমের সময় সশরীরে ভোট দেওয়ার উপায় থাকবে।** কোভিড-19 জনিত উদ্বেগের কারণে কিছু কাউন্টির বোর্ড অফ ইলেকশন ভোটকেন্দ্র বন্ধ এবং/বা স্থানান্তর করতে পারে। সশরীরে ভোট দেওয়া আগে, এখানে থাকা “মাই পেজ” এ লগইন করে আপনার ভোটকেন্দ্র সম্পর্কে নিশ্চিত হয়ে নিন।

x. **যদি আমি সশরীরে ভোট দিই, তাহলে আমি কী আগের একই স্থানে ভোট দিতে পারবো? যদিও অধিকাংশ ভোটকেন্দ্র খোলা থাকবে, কয়েকটি লোকেশন – বিশেষ করে সিনিয়র কেন্দ্রগুলো – হয়ত স্থানান্তরিত বা বন্ধ করা হতে পারে।** সশরীরে ভোট দেওয়া আগে, এখানে থাকা “মাই পেজ” এ লগইন করে আপনার ভোটকেন্দ্র সম্পর্কে নিশ্চিত হয়ে নিন।

xi. **যারা সশরীরে ভোট দেবে তাদের কোভিড-19-এর সংক্রমণের ঝুঁকি কমাতে পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে?** সেক্রেটারি অফ স্টেট অফিস সকল কাউন্টিতে পরিষ্কারক জিনিসপত্র পাঠাচ্ছে যাতে নিরাপদে সশরীরে ভোট দেওয়া নিশ্চিত করা যায়। সশরীরে ভোটিংয়ের আগে ও সশরীরে ভোটিং চলাকালীন সময়ে ভোটকেন্দ্রগুলো পরিষ্কার করা হবে।

কোভিড-19 জর্জিয়া ভোটার গাইড: সবার জন্য ভোটাধিকার উপলভ্য ও সহজ করা নিশ্চিত করতে নিরলসভাবে কাজ করে যাওয়া ভোটিং অধিকার সংস্থা ও জোটের সহযোগী (কোয়ালিশন পার্টনারস)-দের সাথে মিলে ডাকযোগে ভোট দেওয়ার সাধারণ তথ্য, FYIs ও FAQs প্রস্তুত করা হয়েছে।

ASIAN AMERICANS ADVANCING JUSTICE ATLANTA

ACLU Georgia

ASIAN AMERICANS ADVANCING JUSTICE ATLANTA

ALL VOTING IS LOCAL

Common Cause Georgia

BLACK VOTERS MATTER

Georgia NAACP

LWV LEAGUE OF WOMEN VOTERS® OF GEORGIA

PROGEORGIA VALUES VOICES VOTES

The Peoples' Agenda